

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৩৬(আগরতলা-১২।০৩)

সোনামুড়া, ১২ মার্চ, ২০১৯

### ১৯ মার্চ সোনামুড়ায় বসন্ত উৎসব

আগামী ১৯ মার্চ সোনামুড়া নগর পঞ্চায়েতের কনফারেন্স হলে অনুষ্ঠিত হবে সোনামুড়া মহকুমাভিত্তিক বসন্ত উৎসব। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে মহকুমাভিত্তিক এই বসন্ত উৎসবের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠান সফল করে তুলতে আজ সোনামুড়া মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় তথ্য ও সংস্কৃতি আধিকারিক সহ বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধিগণ ও সংস্কৃতিপ্রেমী ব্যক্তিগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত হয় ১৯ মার্চ বসন্ত উৎসব উপলক্ষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। এই অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সংগীত ও নৃত্য পরিবেশন করবেন। এই কর্মসূচি সফল করে তুলতে আজকের সভায় একটি পরিচালন কমিটি ও কয়েকটি সাব-কমিটি গঠন করা হয়।

\*\*\*\*\*